দৈনিক ইনকিলাব

তারিখ ১.৯.৯১
পৃষ্ঠা ১ কলাম ৬

12

# কৃষি বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা

ময়মনসিংহ, ৩১ আগস্ট (ইউএনবি)।— কৃষি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আজ বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করেছেন। ১৮ সেপ্টেম্বর পর্যন্ত বিশ্ববিদ্যালয় বন্ধ থাকবে। গত শুক্রবার দু'টি ছাত্র সংগঠনের মধ্যে অস্ত্রসহ সংঘর্ষ হয়। এ সংঘর্ষের পর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে

শেষ পৃঃ ৩-এর কঃ দেখুন

## কৃষি বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

উত্তেজনাকর পরিস্থিতি হলে বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করা হয়।

এদিকে আন্তঃ জেলা পরিবহন ধর্মঘটের কারণে ছাত্র-ছাত্রীরা এখনো হল ত্যাগ করতে পারেনি।

আজ বিকেলে ভাইস চ্যান্সেলরের সাথে ডীন ও প্রভোস্টদের সভা অনুষ্ঠিত হয়। এ সভায় বিশ্ববিদ্যালয় বন্ধের সিদ্ধান্ত নেয়া হয়।

পুলিশ ও বিডিআর বর্তমানে বিশ্ববিদ্যালয় পাহারা দিচ্ছে। যাতে করে আর কোন অপ্রীতিকর ঘটনা না ঘটে সে জন্য।

আজ বিশ্ববিদ্যালয়ে ক্লাস অনুষ্ঠিত হয়। ক্লাসে শতকরা ১৫ থেকে ২০ ভাগ ছাত্র-ছাত্রী উপস্থিত ছিল।

গত শুক্রবার জাতীয়তাবাদী ছাত্র দল ও আওয়ামী সমর্থিত ছাত্র লীগের মধ্যে সংঘর্ষ হওয়ায় অধিকাংশ ছাত্র-ছাত্রী হল ত্যাগ করেছে।

### সন্ত্রাস বন্ধের দাবী

কৃষি বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (বাকসু) ভিপি এ, কে, এম, আবদুর রফিক ও সাধারণ সম্পাদক মোঃ আওলাদ হোসেন গতকাল এক যুক্ত বিবৃতিতে কৃষি বিশ্ববিদ্যালয়ে চলমান সন্ত্রাসী তৎপরতাকে প্রতিহত করে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখতে সকলের প্রতি আহবান জানিয়েছেন।

তারা কৃষি বিশ্ববিদ্যালয়ে সংঘটিত সন্ত্রাসের জন্য ছাত্র দলকে দায়ী করে সন্ত্রাসীদের উপযুক্ত শাস্তি দানের দাবী জানান। —প্রেস বিজ্ঞপ্তি।

ময়মনসিংহ থেকে নিজস্ব সংবাদদাতা জানান, কৃষি বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণার পর ময়মনসিংহ শহরে উত্তেজনা ছড়িয়ে পড়েছে। আজ সন্ধ্যার পর ছাত্র লীগ কর্মীরা ময়মনসিংহ শহরস্থ যুব দলের আঞ্চলিক অফিস ভাংচুর করেছে।

এ ঘটনার পর শহরে ছাত্র লীগ ও ছাত্র দল কর্মীদের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া হয়। উভয় সংগঠন পরে বিক্ষোভ মিছিল বের করে।